

মুদ্রণ

প্রিন্ট: ১০ ডিসেম্বর ২০২৫, ১১:৪৮ এএম

শিক্ষাজ্ঞন

ঢাবি চারুকলা ইউনিটের ডর্তি পরীক্ষার ফল প্রকাশ



ঢাবি প্রতিনিধি

প্রকাশ: ১০ ডিসেম্বর ২০২৫, ০১:৩৪ এএম



ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ১০২৫-১০২৬ শিক্ষাবর্ষের চারতকলা ইউনিটের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষার (সাধারণ জ্ঞান ও অঙ্কন) ফল প্রকাশ করা হয়েছে।

মঙ্গলবার সন্ধিয়ায় এ ফল প্রকাশ করা হয়। পরীক্ষার বিস্তারিত ফল admission.eis.du.ac.bd ওয়েবসাইটে জানা যাবে। এছাড়া, টেলিটেক, রবি, এয়ারটেল ও বাংলালিংক মোবাইল নম্বর থেকে DU FRT <roll no> টাইপ করে ১৬৩২১ নম্বরে send করে ফিরতি SMS-এ ফল জানা যাবে।

ফল প্রকাশের আগে চারতকলা অনুষদের ডিনসহ সংশ্লিষ্টরা ফলের নথি ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের হাতে হস্তান্তর করেন।

এ বছর ১৩০টি আসনের বিপরীতে আবেদন করেছিলেন ৬ হাজার ৫২১ জন। পরীক্ষায় অংশ নেয় ৫ হাজার ৩৫২ জন। এরমধ্যে উত্তীর্ণ হয়েছে ৬০২ জন। পাশের হার ১১ দশমিক ২৫ শতাংশ। উত্তীর্ণদের মধ্যে ছাত্র ১৪৫ জন এবং ছাত্রী ৪৫৭ জন।

গত ২৯ নভেম্বর ২০২৫, শনিবার এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। admission.eis.du.ac.bd.